

পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার স্মারক নং: ৪৬.০০.০০০০.০৪৬.০১১.০০৪.২০১৪-৮৮৭, তারিখ: ১০ নভেম্বর ২০২০ মোতাবেক ও উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ (এসআরও নং-৩৮৭-আইন/২০১০) অনুযায়ী নোয়াখালী জেলার সোনাইমুড়ী উপজেলা পরিষদের জন্য রাজস্ব খাতে সৃজিত নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শর্তাবলী পূরণ স্বাপেক্ষে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বেতন স্কেল
১.	অফিস সহায়ক	০২ (দুই) টি	৮ম শ্রেণি পাস	জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ২০তম গ্রেড, বেতন স্কেল ৮২৫০-২০০১০/-

আবেদনের শর্তাবলীঃ

০১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও নোয়াখালী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
০২. নির্ধারিত আবেদন ফরম পূরণ পূর্বক আগামী ২৬/১১/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে উপজেলা নির্বাহী অফিসার, সোনাইমুড়ী, নোয়াখালী বরাবর আবেদন পৌঁছাতে হবে। উল্লেখ্য যে, ইতোপূর্বে উক্ত পদের জন্য যারা আবেদন করেছেন তাদের পুনঃ আবেদন করার প্রয়োজন নাই।
০৩. প্রার্থীর বয়স ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্যদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স নিরূপণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
০৪. চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
০৫. আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
ক) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি।
খ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
গ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
ঘ) ইউপি চেয়ারম্যান/পৌরসভা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।
ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
চ) পরীক্ষার ফি বাবদ উপজেলা নির্বাহী অফিসার, সোনাইমুড়ী, নোয়াখালী এর অনুকূলে ২০০/- (দুইশত) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে অর্ডার/পোস্টাল অর্ডার সংযুক্ত করতে হবে।
ছ) প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত ১৫/- (পনের) টাকার ডাক টিকিটসহ ফেরত খাম।
০৬. নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধিবিধান অনুসরণ করা হবে।
০৭. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
০৮. চূড়ান্ত নির্বাচনী পরীক্ষার সময়ে প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।
০৯. লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।
১০. উক্ত নিয়োগ বিজ্ঞপ্তি ও আবেদন ফরম উপজেলা প্রশাসনের ওয়েব সাইট www.sonaimuri.noakhali.gov.bd এ পাওয়া যাবে।
১১. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম বাতিলের অধিকার সংরক্ষণ করেন।



(মোঃ ইসমাইল হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার

সোনাইমুড়ী, নোয়াখালী।

তারিখঃ ২৬/১০/২০২২ খ্রি.

স্মারক নং-০০.৫৮০.০১১.০১.০০.০০১.২০২২-৭৩৭(২০),

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, নোয়াখালী।
- ৩। উপসচিব, উপজেলা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনাইমুড়ী, নোয়াখালী।
- ৫। মেয়র, সোনাইমুড়ী পৌরসভা, সোনাইমুড়ী, নোয়াখালী।
- ৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনাইমুড়ী, নোয়াখালী।
- ৭। সম্পাদক, দৈনিক..... অত্র বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় আগামী ০৫/১১/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে (X) ইঞ্চি কলামে প্রকাশ করতঃ নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রকাশিত পত্রিকার ০৫ কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ৮। চেয়ারম্যান..... নং..... ইউপি (সকল), সোনাইমুড়ী, নোয়াখালী। (বহুল প্রচারের অনুরোধসহ)

উপজেলা নির্বাহী অফিসার

সোনাইমুড়ী, নোয়াখালী